



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

বাংলাদেশ  
স্বাধীনতা  
100  
Bangladesh



☎:0531-63360, ☎:0531-61953

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/শেখ রাসেল দিবস-২১/২০২১/১৬১

তারিখ: ০১ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ  
১৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: ১৮ অক্টোবর-২০২১ 'শেখ রাসেল দিবস' পালন/উদযাপন উপলক্ষ্যে শিক্ষার্থীদের নিকট হতে লেখা, ছবি ও শপথ বাক্য আহ্বান।**

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০৩.২১-১৭৯৬৮/১৪ তারিখ: ১১ অক্টোবর ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৮ অক্টোবর-২০২১ 'শেখ রাসেল দিবস' পালন/উদযাপন উপলক্ষ্যে শেখ রাসেল দেয়ালিকার জন্য লেখা, ছবি ও শপথ বাক্য আহ্বান করা যাচ্ছে। উক্ত লেখা, ছবি ও শপথ বাক্য জমা দেয়ার জন্য ছাত্রছাত্রীদের নিম্নলিখিত বিষয় ও শর্ত অনুযায়ী আগামী ১০/১১/২০২১ তারিখের মধ্যে লেখা জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

- ১। লেখা ও ছবির বিষয়বস্তু : গল্প, কবিতা, সৃষ্টিশীল লেখা ও হাতে আঁকা ছবি।
- ২। শপথ বাক্য : শিক্ষার্থীর নিজের ও দেশের প্রতি করা শপথ বাক্য কম্পোজকৃত/হাতে লেখা হার্ড কপি জমা দিতে পারবে। বাছাইকৃত ১০০ শপথ নিয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে শতশপথ শিরোনামে একটি বই প্রকাশিত হবে।
- ৩। লেখা ও ছবি জমাদানের পদ্ধতি : লেখার কম্পোজকৃত/হাতে লেখা হার্ড কপি এবং হাতে আঁকা ছবি আর্ট পেপারে যে কোনো মাধ্যম ব্যবহার করে জমা দিতে পারবে। লেখা ও ছবির নিচে শিক্ষার্থীর নাম, ক্লাস ও রোল উল্লেখ করতে হবে। একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের তত্ত্বাবধায়কের নিকট, অনার্স ও মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীদের বিভাগীয় প্রধানের নিকট পূর্ণ পরিচয় (নাম, বিভাগ, শিক্ষাবর্ষ, ক্লাস রোল) উল্লেখপূর্বক সুপারিশসহ এবং ডিগ্রি (পাস) কোর্সের শিক্ষার্থীদের পরিচয়পত্রের ফটোকপিসহ লেখা জমা দিতে হবে।
- ৪। লেখা জমা দেয়ার স্থান:
  - (ক) উচ্চ মাধ্যমিক শাখার (একাদশ ও দ্বাদশ) জন্য : তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, অত্র কলেজ।
  - (খ) ডিগ্রি (পাস), অনার্স ও মাস্টার্স শ্রেণির জন্য : ড. মাহমুদ-উল-আলা, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, সমাজবিজ্ঞান বিভাগ, জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক, প্রভাষক, ইতিহাস, জনাব মোঃ শামীম আকতার, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ, জনাব সবুজ আহমেদ, প্রভাষক, বাংলা বিভাগ, জনাব পল্লব রায়, প্রভাষক, অর্থনীতি বিভাগ, অত্র কলেজ।
- ৫। লেখা ও ছবি জমা দেয়ার শেষ তারিখ : ১০/১১/২০২১ খ্রিস্টাব্দ।

প্রতি স্বাক্ষর

অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর

(ড. মাহমুদ-উল-আলা)

সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান

সমাজবিজ্ঞান বিভাগ

এবং

আহ্বায়ক

'শেখ রাসেল দিবস' পালন/উদযাপন কমিটি

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৩. তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, অত্র কলেজ।
৪. অফিস কপি।